

## প্রয়োগ ব্যবস্থা (Implementation Arrangement)

### সার্বিক পদ্ধতি (Overall Process)

সমষ্টি অংশভাগী তহবিল (CPF) সহায়তায় গৃহীত প্রকল্প গ্রহণের পদ্ধতি মোটামুটি নীচের ৪টি পর্যায় হবে।

পর্যায় - ১ সমষ্টির মধ্যে আলোচনা এবং প্রকল্প ও রূপায়ণকারী সংস্থা চিহ্নিত করা।

পর্যায় - ২ প্রকল্প খুঁটিয়ে দেখা ও অনুমোদন দেওয়া।

পর্যায় - ৩ প্রকল্প রূপায়ণ ও অর্থ পাওয়া।

পর্যায় - ৪ তদারকি ও প্রকল্প রূপায়ণের যে প্রভাব তার মূল্যায়ন করা।

### পর্যায় - ১

সমষ্টির কী প্রয়োজন তা উপভোক্তাদের সঙ্গে আলোচনা করতে হবে। প্রকল্প থেকে যে ফল পাওয়া যাবে সে বিষয়ে বা যাঁরা ঐ প্রকল্প থেকে উপকৃত হবেন, তাঁরা আলোচনা করে প্রকল্প নির্ধারণ করবেন। এ জন্য সমষ্টি, এ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি, অসরকারি সংগঠন বা অন্যান্য বিশেষজ্ঞ ব্যক্তির সহায়তা নিতে পারেন।

প্রকল্প নির্ধারণ করার জন্য এই আলোচনা পদ্ধতি অতি গুরুত্বপূর্ণ ও এ সংক্রান্ত কাগজপত্র প্রস্তুত প্রকল্পের অঙ্গ। রূপায়ণকারী সংস্থার কোন পদাধিকারী এই প্রস্তুত প্রকল্পে সই করবেন। বিবেচিত হওয়ার জন্য প্রস্তুত প্রকল্পের সাথে আগের পরিচ্ছেদে যেমন বলা হয়েছে, অধিবাসীবৃন্দের সম্মতিসূচক স্বাক্ষরপত্র থাকবে। প্রকল্পটি যদি সমষ্টি ভিত্তিক সংস্থা (CBO) রূপায়িত করে, তাহলে সেই সংক্রান্ত সমষ্টির লিখিত সিদ্ধান্ত ও থাকতে হবে।

কালক্রমে অঞ্চলসভা তৈরী হলে, প্রকল্প বাছাই, আলোচনা বা সকল সিদ্ধান্ত অঞ্চলসভা তার সাধারণসভায় আলোচনা করে ঠিক করবে।

CPF সহায়তায় অনুরূপ প্রকল্পের পুনরাবৃত্তি হচ্ছে না এইমর্মে পৌরপ্রতিষ্ঠান সংশাপত্র দেবে।

## পর্যায় - ২

রূপায়ণকারী সংস্থা প্রকল্প প্রস্তাব সরাসরি পৌরপ্রতিষ্ঠানের কাছে জমা দেবেন ও তার একটি প্রতিলিপি প্রজেক্ট অ্যাপ্রাইজাল কমিটি (PAC) - র কাছে পাঠাবেন। PAC তে আছেন জাতীয় কারিগরি উপদেষ্টাদলের (National Technical Advisory Group) সদস্যগণ, যুগ্মসচিব ও মিশনের অন্যান্য পদাধিকারীগণ। যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় নথি সমূহের প্রাথমিক বিচার সাপেক্ষে পৌরপ্রতিষ্ঠান পরিশিষ্ট ৫ এ দেওয়া ফর্মে এগুলি PAC র নিকট পাঠাবেন। সাধারণভাবে রূপায়ণকারী সংস্থা থেকে প্রস্তাব পাওয়ার ২ সপ্তাহের মধ্যে পাঠাতে হবে।


PAC এই প্রাপ্ত প্রস্তাবের কাগজপত্র পরীক্ষা করবেন, প্রয়োজনে প্রকল্পের স্থান পরিদর্শন করবেন এবং সমষ্টি ও রূপায়ণকারী সংস্থার সাথে আলোচনা করবেন।

CPF র উদ্দেশ্য এবং যোগ্যতা নির্ধারণ করার নীতিনির্দেশ খুবই গুরুত্ব পাবে।

রূপায়ণকারী সংস্থার মূল্যায়ণ করার জন্য তার অতীত কার্যাবলী ও সাংগঠনিক দক্ষতাকে গুরুত্ব দেওয়া হবে।

প্রকল্পগুলি মূল্যায়নের পর PAC সেগুলি CSMC এর অনুমোদনের জন্য পেশ করবেন। অনুমোদিত হলে, রূপায়ণকারী সংস্থা পৌরপ্রতিষ্ঠানের সাথে একটি লিখিত চুক্তি করবেন। এই লিখিত চুক্তির উদ্দেশ্য হল রূপায়ণকারী সংস্থা ও পৌরপ্রতিষ্ঠানের নিজ নিজ কর্তব্য ও ভূমিকাকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়া।

প্রস্তাব জমা দেওয়া, মূল্যায়ণ করা ও অনুমোদন দেওয়ার সমস্ত পদ্ধতিটি পরের পাতায় চার্টে দেওয়া হল :—



গুরুতে CPF এর কার্যধারা অনেকখানি কেন্দ্রীভূত হলেও আশা করা যায় এক বছরের মধ্যে রাজ্যস্তরের কাঠামো তৈরী হলে এর বিকেন্দ্রীকরণ করা যাবে।

## পর্যায়— ৩

প্রকল্প রূপায়ণ ও অর্থ দেওয়া

CSMC (কেন্দ্রীয় অনুমোদন কমিটি) প্রকল্পগুলি পরীক্ষা করে দেখবেন ও অনুমোদন দেবেন। CSMC এক বা একাধিক প্রকল্প বা প্রকল্পের ধরণ নিয়ে মতামত ব্যক্ত করতে পারেন।

অর্থ দেওয়া হবে নীচের পদ্ধতিতে।

নগর উন্নয়ন মন্ত্রক ও অর্থ মন্ত্রক



পৌর প্রতিষ্ঠান

অনুমোদন প্রাপ্ত অর্থ সবটাই



অঞ্চল সভা , সমষ্টি নির্ভর সংস্থা (CBO) ——— ব্যয়

(রূপায়ণকারী সংস্থা)



সমষ্টির দেওয়া অর্থ

(অনুমোদিত অর্থের ৫০% পাওয়ার আগে)

কোন প্রকল্পের জন্য অনুমোদিত অর্থের সমুদয় অংশ সংশ্লিষ্ট পৌরসভাকে হস্তান্তরের বিষয়ে মিশন ডাইরেকটরেট সংযোগ রক্ষা করবে।

অতঃপর চুক্তির বয়ান অনুযায়ী পৌরসভা রূপায়ণকারী সংস্থাকে কিস্তিতে অর্থপ্রদান করবে। অনুমোদিত অর্থের ৫০ শতাংশ (প্রথম কিস্তি) ছাড়ার আগে পৌরসভাকে দেখতে হবে যে, সমষ্টির এই উদ্দেশ্যে সংগৃহীত অর্থ পৃথক ব্যাঙ্ক অ্যাকাউন্টে রেখে প্রকল্পের কাজে লাগানো হয়েছে কিনা।

চুক্তিতে নির্দেশিত পথে রূপায়ণকারী সংস্থা প্রকল্পটি রূপায়ণ করবে। প্রাথমিক স্তরে প্রস্তাব প্রস্তুতির সময় সমষ্টির সক্রিয় অংশগ্রহণের মত রূপায়ণের সময়ও সমষ্টির সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## পর্যায় - ৪ তদারকি ও প্রভাব মূল্যায়ণ

সমষ্টিভিত্তিক প্রকল্প রূপায়ণের তদারকির সবথেকে ফলপ্রসূ পদ্ধতি হল প্রকল্প কাজ চলাকালীন বা শেষ হওয়ার পরও সমষ্টির সজাগ দৃষ্টি। প্রথমস্তরে প্রকল্প প্রস্তাব গ্রহণের সময় সমষ্টির অংশগ্রহণ ও অনুমোদন যেমন প্রয়োজন, সেরকম ভাবেই প্রকল্পের কাজ শেষ হওয়ার পর, প্রকল্প সম্পর্কে সমষ্টির সন্তুষ্টির প্রয়োজন। আসলে CPF সহায়তায় কাজের উদ্দেশ্য সমষ্টির মধ্যে এমন পরিবেশ তৈরী করা যাতে তারা পৌরসভার অন্যান্য কাজেও লক্ষ্য রাখতে পারেন।

সমষ্টির পরেই প্রকল্প রূপায়ণের দিকে দৃষ্টি রাখার দায়িত্ব সংশ্লিষ্ট পৌরসভার। পৌরসভা স্তরে একটি কমিটি নিয়মিত ব্যবধানে বসবে ও CPF সহায়তাভুক্ত প্রকল্পের মূল্যায়ণ করবে। এই মূল্যায়ণ করা ছাড়াও রূপায়ণকারী সংস্থা কোন বাধার সম্মুখীন হলে, সেগুলি দূর করার জন্য সহায়তা করবে।

রূপায়ণকারী সংস্থা কাজের অগ্রগতির বিষয়ে পৌরসভাকে ত্রৈমাসিক প্রতিবেদন পাঠাবেন ও তহবিলের সদ্ব্যবহার সার্টিফিকেট দেবেন। পৌরসভা এই প্রতিবেদন পরীক্ষা করে প্রকল্প পিছু অগ্রগতির প্রতিবেদন ও সদ্ব্যবহার সার্টিফিকেট মিশন ডাইরেক্টরেট - এর কাছে পাঠাবে।

রাজ্য স্তরের নোডাল এজেন্সি ও ন্যাশনাল টেকনিক্যাল অ্যাডভাইসরি গ্রুপ ও মাঝে মাঝে এই প্রকল্পসমূহের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করবেন।